জেলা পরিষদ
ময়মনসিংহ
www.zpmymensingh.org.bd

নম্বর-৪৬.৪২.৬১০০.০০০.০০১.২৩.০০০১.২৫-৪৬৮

তারিখ: ১৭ আষাঢ়, ১৪৩২ / ০১ জুলাই, ২০২৫

**বিজ্ঞপ্তির বিষয় : জুলাই গণঅভ্যুত্থান স্মরণে অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতা।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ জেলার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ৩০ জুন, ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০২৫-৬১০নং স্মারকপত্রের আলোকে ২০২৪ সালের জুলাইয়ের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে 'আমার চোখে জুলাই বিপ্লব' প্রতিপাদ্য নিয়ে একটি আইডিয়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের জন্য নির্দেশনা ও শর্তাবলি নিম্নরূপ:

| আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করতে পারবেন | আইডিয়া জমা দেয়ার কাঠামো (মানদণ্ড) | জমা দেয়ার তারিখ ও স্থান |
|---|---|---|
| • ১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী;<br>• মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী<br>• যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ;<br>• শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে;<br>• নারী সদস্যদের অগ্রাধিকার প্রদান করা হবে; | • ১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে;<br>• আইডিয়ার শিরোনাম;<br>• আইডিয়ার ভূমিকা<br>• আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব<br>• আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে;<br>• সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা;<br>• প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness)<br>• কাঙ্ক্ষিত ফলাফল;<br>• গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা;<br>• দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা | • আইডিয়া প্রস্তাব জমা দেয়ার তারিখ ও সময়: ১ থেকে ৮ জুলাই, ২০২৫; বিকাল ৫ ঘটিকা পর্যন্ত।<br>• আইডিয়া প্রস্তাব জমা দেয়ার স্থান: জেলা পরিষদ, ময়মনসিংহ।<br>• ইমেইল: ceozpmym@gmail.com |

☐ **সম্ভাব্য আইডিয়ার উদাহরণ:** (ক) দেয়ালচিত্র (খ) পথনাটক বা মঞ্চ নাটক (গ) প্রদর্শনী/প্রামাণ্যচিত্র (ঘ) জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম (ঙ) উদ্যোক্তা মেলা, স্থানীয় শিল্প প্রদর্শনী (চ) স্কিল কম্পিটিশন/ প্রতিভা অন্বেষণ (ছ) বর্জ্য-শূন্য অভিযান (জ) গ্রীণ স্কুল (Green School), ক্লিন স্কুল (Cleen School) কার্যক্রম (ঝ) জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোনো ধারনা (আইডিয়া)।

☐ উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারীগণ নাম, ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠান (প্রযোজ্য ক্ষেত্রে), মোবাইল নাম্বার ও ইমেইল (যদি থাকে) উল্লেখপূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ময়মনসিংহ বরাবর ০১ থেকে ০৮ জুলাই, ২০২৫ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে **সরাসরি** অথবা **ই-মেইলে** (পিডিএফ আকারে) যেকোন একটি মাধ্যমে প্রস্তাব দাখিল করতে পারবেন।

০১.০৭.২৫
(মোঃ কবির হোসেন সরদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারঃ)
ফোন: ০২৯৯৬৬-৬৫৮৬৪ (অফিস)
ইমেইল: ceozpmym@gmail.com

নম্বর-৪৬.৪২.৬১০০.০০০.০০২.২৬.০০০২.২৩-৪৬৮(৫০)

তারিখ: ১৭ আষাঢ়, ১৪৩২ / ০১ জুলাই, ২০২৫

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। .................................................................... সদস্য (সকল) জেলা পরিষদ, ময়মনসিংহ।
৫। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ময়মনসিংহ।
৬। ....................................................................
৭। সম্পাদক, দৈনিক , ঢাকা/দৈনিক ময়মনসিংহ। উল্লিখিত বিজ্ঞপ্তি আগামী ৩ জুলাই, ২০২৫ তারিখের মধ্যে আপনার পত্রিকায় (ভিতরের পাতায় ৩ (তিন) কলাম ৬ (ছয়) ইঞ্চি আকারে) প্রকাশ ও প্রচার করে ০২ (দুই) কপি পত্রিকাসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
৮। নোটিশ বোর্ড/ওয়েবসাইট, জেলা পরিষদ, ময়মনসিংহ।

০১.০৭.২৫
(মোঃ কবির হোসেন সরদার)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারঃ)

**আগ্রহী শিক্ষার্থীদের সম্মানিত অভিভাবক নিজ দায়িত্বে নিয়ে যাবেন।**

৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির যে কোন প্রয়োজনে/অভিযোগ/পরামর্শের জন্য ফোন দেয়ার অনুরোধ করা হলো।
সহকারী প্রধান শিক্ষক (প্রভাতি) ঃ ০১৮২২-২৭৩৭২১
সহকারী প্রধান শিক্ষক (দিবা) ঃ ০১৫৫৭-২৬১১৬১